

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৮৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - ঠাট্টা ও কৌতুক প্রসঙ্গে

আরবী

وَعَنْهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُ: «يَا ذَا الْأُذْنَيْنِ» . رَوَاهُ أَبُو دَاؤُد وَالتِّرْمِذِيّ

বাংলা

৪৮৮৭-[8] উক্ত রাবী [আনাস (রাঃ)] হতে বর্ণিত। একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেনঃ হে দু' কর্ণধারী! (আবূ দাউদ ও তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৫০০২, তিরমিয়ী ২০৭৭, সহীহুল জামি' ৭৯০৯, আহমাদ ১২১৬৪, মুসনাদে আবূ ইয়া'লা ৪০২৯, শু'আবুল ঈমান ৫২৪০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬৬২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২১৭০১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (يَا اَلْأُذُيْنِ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনাস (রাঃ)-কে সুন্দরভাবে মনোযোগ সহকারে শোনার জন্য উৎসাহিত ও সতর্ক সাবধান করেছেন। কারণ কানের কাজ হলো মনোযোগ দিয়ে শোনা। আল্লাহ যাকে দু'টি কান দিয়েছেন, আর সে মনোযোগ দিয়ে না শুনে অন্যমনষ্ক থাকে তার কোন ওযর-আপত্তি নেই। এটাও বলা হয়েছে যে, এ বাক্যটির অর্থ হলো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কৌতুক করে আনাস (রাঃ)-কে কথাটি বলেছিলেন। এটা ছিল তার কোমল চরিত্রের নমুনা। নিহায়াহ গ্রন্থকার এরূপ বলেছেন।

(তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৯৯১, 'আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৪৯৯৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=75611}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন